চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১২ সেপ্টেম্বর ২০২১খ্রি.

বৃক্ষরোপন কর্মসূচী উদ্বোধনকালে মেয়র
প্রকৃতিকে ভালবাসা ছাড়া মনুষ্য সমাজ অর্থহীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, করোনাকালে প্রমাণিত হয়েছে পৃথিবীর মনুষ্য সমাজ প্রাণ-প্রকৃতি পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ ছাড়া সম্পূর্ণ মূল্যহীন ও অথর্ব এবং অচল। প্রকৃতির উপর মানুষ দীর্ঘদিন ধরে যে নির্দয় ও নিষ্ঠুর ধ্বংসাত্মক আচরণ করেছে সে জন্য মানুষকে এবার চরম মূল্য দিতে হচ্ছে। তাই প্রকৃতির প্রধান উপকরণ বৃক্ষের প্রতি ভালবাসাসহ প্রাণ-প্রকৃতি এবং সকল জীববৈচিত্র্যের সুরক্ষা মানুষকে নিশ্চিত করতে হবে। তিনি আজ রোববার সকালে ডা. জাকির হোসেন সিটি কর্পোরেশন হোমিওপ্যাথিক কলেজ ও হাসপাতাল কর্তৃক আয়োজিত বৃক্ষরোপন কর্মসূচীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

তিনি আরো বলেন, প্রাচ্যের রাণী হিসেবে এক সময় খ্যাত আজকের চট্টগ্রাম সেই এতিহ্য ও সুখ্যাতিকে হারিয়ে ফেলেছে। নানা কারণে এই নগরীর ভূ-প্রাকৃতিক বৈচিত্র্য ও সুষমা লুন্ঠিত হয়েছে। এই নগরীতে নির্বিচারে পাহাড় স্বার্থতা সামাজিক নিরাপত্তাকে হুমকীর মুখে ঠেলে দিচ্ছে। ব্যক্তিক স্বার্থপরতা, অসচেতনতা এবং খাল ও নালা-নর্দমা দখলের ঘৃণ্য মনোবৃত্তির কু-মনোবৃত্তির পরিণতি আজকের দিনের ভোগান্তি। তাই বিষয়টি বিবেচনায় নিয়ে নগরীর ঘর-বাড়ির মালিককে তাদের আঙ্গিনায় সাংবাৎসরিক বৃক্ষরোপন ও এর পরিচর্যা করার ক্ষেত্রে গুরুত্ব দিতে হবে। মনে রাখতে হবে আত্মসচেতনতাই হচ্ছে আর্থ-সামাজিক সুরক্ষার পূর্বশর্ত। এ সময় উপস্থিত ছিলেন ফিরিঙ্গীবাজার ওয়ার্ড কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, পুলক খাস্তগীর সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর লুৎফুন্নেছা দোভাষ বেবী, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, অধ্যক্ষ ডা. মোহাম্মদ আলী, কলেজ পরিচালনা পরিষদ সদস্য ও নগর ২২ মহল্লা সর্দার কমিটির সাধারণ সম্পাদক আলহাজ্ব মকছুদ আহমদ সর্দার, সদস্য ছালেহ আহম্মদ সোলাইমান, কলেজ অধ্যক্ষ ডা. নুরুল আমিন, উপাধ্যক্ষ ডা. এম.এইচ. রেজাউল করিম, ডা. অঞ্জন দত্ত, খোরশেদ আলম চৌধুরী, খুরশিদা আকতার, বিকাশ চন্দ্র মল্লিক, ওয়ার্ড আওয়ামী লীগ নেতা জাহাঙ্গীর আলম, তারেক আহম্মদ রিঙ্কু প্রমুখ।

এছাড়া সিটি মেয়র আজ ডা. জাকির হোসেন সিটি কর্পোরেশন হোমিওপ্যাথিক কলেজের পরিচালনা পর্ষদ ও ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি এন্ড ম্যাটসের পরিচালনা পরিষদের সভায় উপস্থিত থেকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।

খোলার প্রথমদিনে মেয়রের সর্তকতা
শিক্ষাঙ্গনের আনন্দঘন পরিবেশ যাতে ম্লান না হয়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, মহামারির দুর্যোগকালে দেড়বছর পর আজ (১২ সেপ্টেম্বর) দেশে সকল শিক্ষা প্রতিষ্ঠান উৎসবমুখর ও আনন্দময় পরিবেশে খুললো। শিক্ষাঙ্গনের এই আনন্দঘন পরিবেশ যাতে কোনভাবেই ম্লান না হয় তা শিক্ষক ও অভিভাবকদের বিশেষভাবে খেয়াল রাখতে হবে। কারণ করোকালে নিরাপদ দূরত্ব মানা, মাস্ক পরিধান করা ও ঘন ঘন সাবান দিয়ে হাত ধোয়ার বিকল্প কোন পন্থা নাই। তিনি আজ রোববার সকালে করোনা অতিমারিতে বন্ধ হওয়া শিক্ষা প্রতিষ্ঠান পুনরায় খোলার প্রথম দিনে আলকরণ নুর আহম্মদ বালক উচ্চ বিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস পরিদর্শনকালে এ কথা বলেন। পরিদর্শনকালে মেয়র বিদ্যালয়ের অভ্যন্তরে ঘুরে পরিচ্ছন্নতার কাজ ভালোভাবে করা হয়েছে কিনা তা প্রত্যক্ষ করেন। তিনি শিক্ষার্থীরা যাতে নিরাপদ দূরত্ব মেনে শ্রেণী কক্ষে বসে সেজন্য শিক্ষার্থীদের আসন বিন্যাস যথাযথভাবে করা হয়েছে কিনা জানতে চান। মেয়র শিক্ষা প্রতিষ্ঠান খোলার প্রথম দিনে শিক্ষার্থীদের উপস্থিতি দেখে সন্তোষ প্রকাশ করেন এবং শিক্ষা প্রতিষ্ঠান যাতে আর বন্ধ রাখতে না হয় সে ব্যাপারে শিক্ষা মন্ত্রানালয়ের নির্দেশনাদি ও স্বাস্থ্যবিধি মেনে চলতে আহ্বান জানান।

এ সময় উপস্থিত ছিলেন ৩৩ নং ওয়ার্ড কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর লুৎফুন্নেছা দোভাষ বেবী, নগর ২২ মহল্লা কমিটির সাধারণ সম্পাদক আলহাজ্ব মকছুদ আহম্মদ সর্দার, প্রধান শিক্ষক এ.কে.এম মোহাম্মদ উল্লাহ প্রমুখ।

চসিকের সব কর্মকর্তা-কর্মচারীকে কম্পিউটার
চালনায় প্রশিক্ষিত করা হবে : মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, আধুনিক অফিস ব্যবস্থাপনায় নির্ভুল ও দ্রুততার সাথে কাজ সম্পন্ন করতে তথ্য প্রযুক্তির কোন বিকল্প নেই। অফিসের দাপ্তরিক কাজের ক্ষেত্রে বাস্তব জ্ঞান ও প্রাতিষ্ঠনিক জ্ঞানের মধ্যে বিস্তর পার্থক্য আছে। তাই চসিক কর্মকর্তা-কর্মচারীদের নাগরিক সুযোগ সুবিধাও দ্রুত তরান্বিত করতে অবশ্যই কম্পিউটার জানা আবশ্যক। তিনি আজ রোববার বিকালে টাইগারপাসস্থ চসিক অস্থায়ী ভবনে সম্মেলন কক্ষে সচিবালয় বিভাগের কর্মরত-কর্মচারী ও ওয়ার্ড সচিবদের কম্পিউটার প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মো. শহীদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, আফরোজা কালাম, শিক্ষা স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, সচিব খালেদ মাহমুদ, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, উপ-সচিব আশেক রসুল চৌধুরী টিপু প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র আরো বলেন, মেয়র হওয়ার পর প্রায়শ শুনতে পাই কর্পোরেশনে কম্পিউটার জানা লোকের অভাব। কম্পিউটারের অভাব। খালি অভাব অভিযোগ আর শুনতে চাই না। কর্পোরেশনের সফলতা ও কাজে গতিশীলতার জন্য দক্ষ জনবল প্রয়োজন। তাই ওয়ার্ড সচিবদের অবশ্যই কম্পিউটারে প্রশিক্ষণ নিতে হবে। তিনি ধারাবাহিকভাবে কর্পোরেশনের সব বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের কম্পিউটারে প্রশিক্ষিত করার ব্যবস্থা নেয়া হবে ঘোষণা দেন। অনুষ্ঠানে ৪১টি ওয়ার্ডের ওয়ার্ড সচিবসহ কর্পোরেশনের সচিবালয় বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

চসিকের ভ্রাম্যমাণ আদালত
অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাদ্য উৎপাদান ও
বিক্রির দায়ে ৪০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রোববার নগরীর পাহাড়তলী থানাধীন অলংকার মোড় এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী ও স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌসের নেতৃত্বে এই অভিযান পরিচালিত হয়। অভিযানকালে অস্বাস্থ্যকর, নোংরা পরিবেশে খাদ্যপণ্য উৎপাদন ও বিক্রয়ের দায়ে একটি মিষ্টান্ন এবং বেকারী কারখানাকে মামলা রুজুপূর্বক ৪০ হাজার টাকা ও অবৈধভাবে ফুটপাত দখল করে ব্যবসা করায় ১ হাজার টাকা জরিমানা করা হয়। একই দিনে আরাকান সড়ক ও ফুটপাতের উপর অবৈধভাবে দোকানের মালামাল রেখে জনসাধারনের চলাচলে বিঘ্ন সৃষ্টির দায়ে ৩টি প্রতিষ্ঠান মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১১ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগনকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩